# রংপুর সিটি কর্পোরেশন

## সাধারণ শাখা

www.rpcc.gov.bd

**রংপুর সিটি কর্পোরেশনের আগস্ট / ২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোঃ শহিদুল ইসলাম এনডিসি
প্রশাসক
রংপুর সিটি কর্পোরেশন।

সভার তারিখ ও সময় : ০৭.০৮.২০২৫ইং সোমবার, বেলা : ০৩:০০টা
সভার স্থান : রংপুর সিটি কর্পোরেশন সভা কক্ষ
উপস্থিতি : সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"

সভার শুরুতে সভাপতি সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য তিনি প্রধান নির্বাহী কর্মকর্তাকে বলেন। এর পরিপ্রেক্ষিতে সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্র/ নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | গত মাসিক সভার সিদ্ধান্ত পঠন ও অনুমোদনকরণ। | প্রধান নির্বাহী কর্মকর্তা গত মাসিক সভার কার্যবিবরণীর উপর কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনী প্রস্তাব না থাকলে তা দৃঢ়ীকরণ করার বিষয়ে মতামত প্রদানের অনুরোধ জানান। সভায় উপস্থিত সকলে কার্যবিবরনী দৃঢ়ীকরণের বিষয়ে একমত পোষণ করেন। | গত ১৪/০৭/২০২৫ইং মাসিক সভার কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ ও অনুমোদন করা হয়। | প্রশাসনিক কর্মকর্তা (চঃদাঃ) |
| ২ | বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন অনুমোদন করণ। | প্রধান নির্বাহী কর্মকর্তা উপস্থাপন করেন স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ৪৩ অনুযায়ী রংপুর সিটি কর্পোরেশনের ২০২৪-২৫ অর্থ বছরে বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত বার্ষিক প্রশাসনিক প্রতিবেদনটি পরিষদ কর্তৃক অনুমোদনপূর্বক সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণের জন্য আলোচনা করা হয়। এ বিষয়ে প্রশাসক মহোদয় কমিটি গঠনপূর্বক বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন যাচাই বাছাই করে মন্ত্রণালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন প্রস্তুত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রশাসনিক কর্মকর্তা (চঃদাঃ), সহকারী প্রোগ্রামার |
| ৩ | স্থায়ী কমিটি পুনর্গঠন করণ। | সভায় প্রধান নির্বাহী কর্মকর্তা উপস্থাপন করেন স্থানীয় সরকার বিভাগ, সিটি কর্পোরেশন-১ শাখা এর স্মারক নং- ৪৬ .০০. ০০০০. ০৭০. ২৯.০০১.১৭-৬২২, তাং- ০৭ জুন ২০২২ মোতাবেক সিটি কর্পোরেশনের স্থায়ী কমিটি গঠন করা হয়েছিল। স্মারক নং- ২৬.০৯.২০২৪ মোতাবেক স্থানীয় / সিটি কর্পোরেশন সংশোধন অধ্যাদেশ ২০২৪ এর ধারার ১৩(ক) প্রয়োগ করে সকল সিটি কর্পোরেশনে মেয়র/কাউন্সিলর (সংরক্ষিত আসনসহ) স্ব-স্ব পদ হতে অপসারণ করেন এর ফলে গঠনকৃত স্থায়ী কমিটিসমূহ কার্যকারিতা হারায়। বর্তমানে নতুন করে স্থায়ী কমিটিসমূহ গঠন করা প্রয়োজন। এ বিষয়ে প্রশাসক মহোদয় স্থায়ী কমিটি পুনর্গঠনের নির্দেশনা প্রদান করেন। | নতুন করে স্থায়ী কমিটি পুনর্গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে গ্রহণ করতে হবে। | প্রশাসনিক কর্মকর্তা (চঃদাঃ) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) এর সুপারিশসমূহ বাস্তবায়নকরণ। | সভায় প্রধান নির্বাহী কর্মকর্তা সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) এর সুপারিশসমূহ উপস্থাপন করেন। উপস্থাপনযোগ্য বিষয়গুলো বাংলাদেশ বিল্ডিং কোড নিশ্চিতকরণে কমিটি গঠন, রাস্তা ডিভাইডারে গাছ লাগানো, রাস্তা সংস্কার, অবৈধভাবে ঘাঘট নদীর বালু উত্তোলন বন্ধ করতে হবে। এ বিষয়ে প্রশাসক মহোদয় সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) এর সুপারিশসমূহ বাস্তবায়ন করার নির্দেশনা প্রদান করেন। | রংপুর সিটি কর্পোরেশন এর সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) এর সুপারিশ-সমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রশাসনিক কর্মকর্তা (চঃদাঃ) |
| ৫ | জনাব আসিফ মাহমুদ, সাং- মুন্সিপাড়া, রংপুর এর আবেদনের প্রেক্ষিতে তার পিতা বীর মুক্তিযোদ্ধা মোঃ আব্দুল আউয়ালের কবর এস এস পাইপ দ্বারা নির্মাণকরণ বিষয়ে আলোচনা। | সভায় প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব আসিফ মাহমুদ, সাং- মুন্সিপাড়া, রংপুর এর আবেদনের প্রেক্ষিতে তার পিতা বীর মুক্তিযোদ্ধা মোঃ আব্দুল আউয়ালের কবর এস এস পাইপ দ্বারা নির্মাণকরণ বিষয়ে আবেদনটি উপস্থাপন করেন। এ বিষয়ে প্রশাসক মহোদয় বিধি মোতাবেক কবর পাকাকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | বীর মুক্তিযোদ্ধা মোঃ আব্দুল আউয়ালের কবর এস এস পাইপ দ্বারা নির্মাণকরণ বিদ্যমান নীতিমালা অনুসরণপূর্বক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ:দা:) ও প্রশাসনিক কর্মকর্তা (চঃদাঃ) |
| ৬ | রংপুর কেন্দ্রীয় বাস টার্মিনালে দোকান/ কাউন্টার বরাদ্দ বিষয়ে আলোচনা। | সভায় প্রধান রাজস্ব কর্মকর্তা রংপুর কেন্দ্রীয় বাস টার্মিনালে দোকান/কাউন্টার বরাদ্দের বিষটি উপস্থাপন করেন। তিনি জানান যে, পূর্বে কাউন্টারগুলোর টেন্ডার প্রক্রিয়ায় গেলেও তা বাস্তবয়িত হয়নি। সেসব কার্যক্রম বাতিলপূর্বক বরাদ্দকৃত মালিকগনের টাকা ফেরত প্রদান করে নতুন করে টেন্ডার আহবান করা প্রয়োজন। এ বিষয়ে প্রশাসক মহোদয় বাস টার্মিনালে দোকান /কাউন্টারগুলোর পূর্বের ইজারা বাতিল করে নতুন টেন্ডার প্রক্রিয়ায় যাওয়ার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। | কেন্দ্রীয় বাস টার্মিনালে দোকান/ কাউন্টার নতুন করে ইজারা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান রাজস্ব কর্মকর্তা |
| ৭ | শতভাগ ই-ট্রেড লাইসেন্স বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা। | সভায় প্রধান রাজস্ব কর্মকর্তা উপস্থাপন করেন যে, ই-ট্রেড লাইসেন্স কার্যক্রমের জন্য কোম্পানীর সাথে চুক্তিবদ্ধ হতে হবে। অনলাইনে আবেদনে গ্রাহকের নিকট থেকে কোম্পানী ২০/- টাকা করে গ্রহণ করে থাকেন যার মধ্যে ৩/৪ টাকা ভ্যাট/ আইটি। পূর্বের চুক্তিবদ্ধ কোম্পানীর টাকা বকেয়া রয়েছে। সেগুলো পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। এ বিষয়ে প্রশাসক মহোদয় পূর্বের বকেয়া পরিশোধ ও শতভাগ ই-ট্রেড লাইসেন্স বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন। | পূর্বের বকেয়া পরিশোধ ও শতভাগ ই-ট্রেড লাইসেন্স বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান রাজস্ব কর্মকর্তা |
| ৮ | সিটি পুলিশগণের পোষাক ক্রয়ের বিষয়ে আলোচনা। | সভায় প্রধান নির্বাহী কর্মকর্তা উপস্থাপন করেন দায়িত্বরত সিটি পুলিশগণকে তাদের ব্যবহারের জন্য পোষাক প্রদান করা হয়। সেলক্ষ্যে তাদের পোষাক পুরাতন হওয়ায় নতুন করে পোষাক ক্রয় করা প্রয়োজন। এ বিষয়ে প্রশাসক মহোদয় পূর্বের ন্যায় সিটি পুলিশগণের পোষাক ক্রয়ের নির্দেশনা প্রদান করেন। | সিটি পুলিশগণের পোষাক ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রশাসনিক কর্মকর্তা (চঃদাঃ) |
| ৯ | বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি, নতুন প্রকল্প গ্রহণ ও প্রাক্কলন অনুমোদন সংক্রান্ত আলোচনা। | ১) কেন্দ্রীয় বাস টার্মিনাল সংলগ্ন নতুন ডাস্টবিন নির্মাণ = ২৩১৬৬৪২.০০ টাকা।<br>২) রংপুর কমিউনিটি মেডিকেল কলেজ সংলগ্ন ডাস্টবিনটির সংস্কার = ২৩১১২১.০০ টাকা।<br>৩) শিমুলবাগ কমিউনিটি সেন্টার সংলগ্ন আটতলা মসজিদ রোডস্থ ডাস্টবিন সংস্কার = ১৩৫৬৪৪.০০ টাকা | উন্নয়নমূলক কাজ সঠিকভাবে ও নির্দিষ্ট সময়ের মধ্যে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৪) নিউ ইঞ্জিনিয়ার পাড়া পানির ট্যাংক সংলগ্ন স্থানে নতুন ডাস্টবিন নির্মাণ<br>= ২৮২৩৫৬.০০ টাকা।<br>৫) রংপুর পলিটেকনিক্যালের পাশে নতুন ডাস্টবিন নির্মাণ = ৯৯৯০৩৪.০০ টাকা।<br>৬) রংপুর রেলওয়ে স্টেশন এলাকায় ডাস্টবিন নির্মাণ = ৪১৭৫৭৪.০০ টাকা।<br>৭) হেলাল প্রেস টিসিবি গোডাউন রোডে ডাস্টবিন নির্মাণ = ২৫১৩৫২.০০ টাকা। | | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ শহিদুল ইসলাম এনডিসি
প্রশাসক
রংপুর সিটি কর্পোরেশন।

স্মারক নং- ৪৬.১৮.০০০০.১০১.. তারিখ : ১৪৩২ বঙ্গাব্দ / ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, রংপুর।
৩। সম্মানিত কাউন্সিলরবৃন্দ, রংপুর সিটি কর্পোরেশন।
৪। সচিব, রংপুর সিটি কর্পোরেশন।
৫। প্রধান সম্পত্তি কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৬। বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, রংপুর।
৭। প্রধান রাজস্ব কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৮। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ), রংপুর সিটি কর্পোরেশন।
১০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা , রংপুর সিটি কর্পোরেশন।
১১। বিভাগীয় কমিশনার মহোদয়ের একান্ত সচিব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর (বিভাগীয় কমিশনার ও প্রশাসক, রংপুর সিটি কর্পোরেশন মহোদয়ের সদয় অবগতির জন্য)
১২। নির্বাহী প্রকৌশলী, অঞ্চল. . . . . , রংপুর সিটি কর্পোরেশন।
১৩। নগর পরিকল্পনাবিদ, রংপুর সিটি কর্পোরেশন।
১৪। সহকারী প্রকৌশলী (যান্ত্রিক), রংপুর সিটি কর্পোরেশন।
১৫। বস্তি উন্নয়ন কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
১৬। প্রশাসনিক কর্মকর্তা , অঞ্চল. . . . , রংপুর সিটি কর্পোরেশন।
১৭। . . . . . . . . . . . . . . . . . . . . . . . , রংপুর সিটি কর্পোরেশন।
১৮। শাখা প্রধান (সকল) রংপুর সিটি কর্পোরেশন।
১৯। সহকারী প্রোগ্রামার, রংপুর সিটি কর্পোরেশর (ওয়েব সাইটে আপলোড করার জন্য নির্দেশ প্রদান করা হলো)।
২০। অফিস নথি।

উম্মে ফাতিমা
(উপসচিব)
পরিচিতি নং- ১৬৬৭৮
প্রধান নির্বাহী কর্মকর্তা
রংপুর সিটি কর্পোরেশন
ই-মেইলঃ ceo@rpcc.gov.bd.